

# আনন্দবাজার পত্রিকা

Feb 27, 2022

## নারী ক্ষমতায়নে সৌরশক্তি

পরিবেশবন্ধু বিকল্প হিসাবে সৌরশক্তির প্রসারে নতুন একটি প্রকল্পে হাত দিয়েছে প্রতীচী ট্রাস্ট। তারই অঙ্গ হিসাবে শনিবার সাতরাগাছি দ্বিনিয়াত মুয়াল্লিমা কলেজে ছাত্রীদের জন্য তালিমপর্ব শুরু হল। সংশ্লিষ্ট কলেজটির পড়ুয়া সাধারণত গ্রামীণ বাংলার কিছুটা পিছিয়ে-থাকা সংখ্যালঘু শ্রেণির মেয়েদের এই তালিম

দেওয়া হচ্ছে। লক্ষ্য, সৌরশক্তির ব্যবহারের বিস্তার। যেমন, স্বাস্থ্যকেন্দ্র বা অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নানা কাজে জ্বালানি থেকে ঘরে আলো জ্বালতে সৌরশক্তির প্রয়োগ। কলেজছাত্রীদের

সৌরশক্তির ব্যবহার শিখিয়ে এর উপযোগী সরঞ্জামের ব্যবসায়ও উৎসাহ দিতে চায় এই প্রকল্প। কলেজটির প্রতিষ্ঠাতা-সম্পাদক শেখ হায়দর আলি বলেন, “মেয়েদের ক্ষমতায়ন ও পরিবেশ সচেতনতা, দু’টির বিকাশেই বিশেষ সহায়ক সৌরশক্তি।” নিজস্ব সংবাদদাতা